

শাবিতে ইনকিউবেশন সেন্টার স্থাপিত হচ্ছে

নিজের বার্তা পরিবেশক

দেশে প্রথমবারের মতো ইনকিউবেশন সেন্টার স্থাপিত হচ্ছে শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে (শাবিপ্রবি)। তথ্য-প্রযুক্তিতে দক্ষ উন্নয়ন প্রক্রিয়া গড়ে তুলতে এ ইনকিউবেশন সেন্টার স্থাপিত হচ্ছে। গত শনিবার সন্ধ্যায় শাহজালাল বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে 'আইপিভিশন সিএসই কার্নিভাল ২০১৫'র সমাপনী অনুষ্ঠানে এ ঘোষণা দেন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি প্রতিমন্ত্রী জুনাইদ আহমেদ পলক। এ সময় প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, দেশের প্রথম ভারবিহীন ওয়াইফাই হটস্পট ও মোবাইলে ডর্ভি প্রক্রিয়া উদ্ভাবন করেছিল সিলেটের এই প্রতিষ্ঠান। তাই দেশের প্রথম ইনকিউবেশন সেন্টারও এই প্রতিষ্ঠানেই হবে।

প্রতিমন্ত্রী তার বক্তৃতায় সরকারের তথ্য-প্রযুক্তি বিভাগের অধীনে বিশ্ববিদ্যালয়ে আরেকটি বিশেষায়িত ল্যাবরেটরি স্থাপনে ৪০ লাখ টাকা অনুদান দেয়ার ঘোষণা দেন। উৎসবে অংশ নেয়া শিক্ষার্থীদের উদ্দেশে প্রতিমন্ত্রী বলেন, শাহজালাল বিশ্ববিদ্যালয়ের কথা যখনই আগাদের চোখের সামনে ভেসে ওঠে, তখনই তথ্য-প্রযুক্তি খাতে কতগুলো সাফল্যের দিক আমরা দেখতে পাই। সুতরাং ডিজিটাল বাংলাদেশ গঠনে আমি তোমাদের সক্রিয় অংশগ্রহণ ও নেতৃত্ব চাই। বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আমিনুল হক জুইয়ার সভাপতিত্বে সমাপনী অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন অধ্যাপক ইলিয়াস উদ্দিন বিশ্বাস ও অধ্যাপক শহিদুল রহমান।

এবারের উৎসবে মূলত চারটি ইভেন্ট ছিল। এগুলো হলো আন্তর্জাতিক বিশ্ববিদ্যালয় প্রোগ্রামিং, সফটওয়্যার, প্রজেক্ট শোকেসিং এবং গেমিং প্রতিযোগিতা। প্রোগ্রামিং প্রতিযোগিতায় ৪৬ বিশ্ববিদ্যালয়ের ১৪৫টি, সফটওয়্যার প্রতিযোগিতায় ১২টি বিশ্ববিদ্যালয়ের ২২টি এবং প্রজেক্ট শোকেসিংয়ে ১৩টি বিশ্ববিদ্যালয় থেকে ৩০টি দল অংশ নেয়। এছাড়া গেমিং কন্টেস্টে অংশ নিয়েছেন ৩৮ জন। প্রোগ্রামিংয়ে ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'এসি ড্রাগন' চ্যাম্পিয়ন, শাবির 'ডাউন টু দ্য ওয়্যার' প্রথম রানারআপ এবং বুয়েটের 'আরটিপিয়ার্স' দ্বিতীয় রানারআপ হয়।